

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৫৪

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ الْمُشْرِكُونَ يَقُولُونَ: لَبَّيْكَ لَا شَرِيكَ لَكَ فَيَقُولُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَيْلَكُمْ قَدْ قَدْ» إِلَّا شَرِيكًا هُوَ لَكَ تَمْلِكُهُ وَمَا مَلَكَ. يَقُولُونَ هَذَا وَهُمْ يَطُوفُونَ بِالْبَيْتِ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২৫৫৪-[১৫] 'আব্দুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মুশরিকরা তালবিয়াহ্ পাঠে বলতো, 'লাব্বায়কা লা- শারীকা লাকা'' (অর্থাৎ- হে আল্লাহ! আমরা উপস্থিত। তোমার কোন শারীক নেই।)। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলতেন, ''তোমাদের সর্বনাশ হোক, থামো থামো (আর অগ্রসর হয়ো না, কিন্তু তারা দ্রুত বেগে চলতো) অবশ্য যে শারীক তোমার আছে, যার মালিক তুমি এবং তারা যে জিনিসের মালিক তারও তুমি মালিক। তারা (মুশরিকরা) এ কথা বলতো আর বায়তুল্লাহ তাওয়াফ করতো। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১১৮৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ১২৮৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَدْ قَدْ) "যথেষ্ট হয়েছে"। অর্থাৎ- তোমাদের বাক্য (فَدْ قَدْ) এটুকু বলাই যথেষ্ট। অতএব তোমরা এখানেই থামো এর অধিক কিছু বলো না।

ইমাম ত্বীবী বলেনঃ মুশরিকগণ বলত- (ابيك لا شريكًا هو لك تملكه وما ملك) ছিমাম ত্বীবী বলেনঃ মুশরিকগণ বলত

তাদের ঐ বাক্যের যখন এ অংশটুকু বলা হত (لَا شَرِيْكَ لَك) তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ (قَدْ قَدْ قَدْ) অর্থাৎ- তোমরা এখানেই থামো, তোমরা তা অতিক্রম করে পরবর্তী অংশ বলো না।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন